

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
তথ্য মন্ত্রণালয়  
তথ্য ও গণযোগাযোগ-১ শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
[www.moi.gov.bd](http://www.moi.gov.bd)

নং-১৫.০০.০০০০.০২৫.০২১.৩৪.১৫- ১৬৬


তারিখ: ৯ জ্যৈষ্ঠ ১৪২৫  
২১ মে ২০১৮

### পরিপত্র

বিসিএস (তথ্য-সাধারণ) ক্যাডারের কর্মকর্তাদের মধ্য হতে পদায়নের মাধ্যমে বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থায় জনসংযোগ কর্মকর্তা হিসেবে দায়িত্ব পালন করেন। উক্ত ক্যাডারের কর্মকর্তা স্বল্পতা হেতু বাংলাদেশ বেতারের বিসিএস ক্যাডারভুক্ত কর্মকর্তাদেরও জনসংযোগ কর্মকর্তা (পিআরও) হিসেবে পদায়ন/সংযুক্তি প্রদান করা হয়। নিয়োজিত কর্মকর্তাগণ তথ্য অধিদপ্তরের প্রধান তথ্য অফিসারের তত্ত্বাবধানে দায়িত্ব পালন করার নির্দেশনা থাকা সত্ত্বেও, বাংলাদেশ বেতার হতে জনসংযোগ কর্মকর্তা (পিআরও) হিসেবে নিয়োজিত কর্মকর্তাদের মধ্যে কোন কোন ক্ষেত্রে প্রধান তথ্য অফিসারের সাথে যোগাযোগ/সমন্বয়ের অভাব পরিলক্ষিত হচ্ছে। বাংলাদেশ বেতার হতে নিয়োজিত পিআরও গণের সমন্বয়কারী কে হবেন সে বিষয়ে ইতোপূর্বে কোন সুস্পষ্ট নির্দেশনা না থাকায় তাদের কাজের সমন্বয় ও জবাবদিহিতা নিশ্চিতকরণে সমস্যা হচ্ছে। এ বিষয়ে অস্পষ্টতা দূরীকরণের লক্ষ্যে জনসংযোগ কর্মকর্তাগণের নিয়োগ/পদায়ন এবং তাদের কাজের সমন্বয় ও জবাবদিহিতা রক্ষার স্বার্থে নিয়োজিত অনুশাসন জারি করা হলো:

- (ক) বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থায় এখন হতে জনসংযোগ কর্মকর্তা সংযুক্তিকরণ/পদায়ন/প্রত্যাহার তথ্য মন্ত্রণালয়ের তথ্য ও গণযোগাযোগ-১ শাখা হতে পরিচালিত হবে;
- (খ) কোন মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা/দপ্তর হতে জনসংযোগ কর্মকর্তার চাহিদাপত্র পাওয়া গেলে অগ্রাধিকার ভিত্তিতে তথ্য অধিদপ্তর হতে উপযুক্ত কর্মকর্তাদের তালিকা চাওয়া হবে। উক্ত তালিকা হতে মন্ত্রণালয় কর্তৃক মনোনয়নপূর্বক পিআরও সংযুক্তি/পদায়ন করা হবে;
- (গ) তথ্য অধিদপ্তর হতে বিসিএস (তথ্য-সাধারণ) ক্যাডার হতে উপযুক্ত কর্মকর্তা না পাওয়া গেলে বাংলাদেশ বেতার হতে তথ্য-বেতার) ক্যাডারের কর্মকর্তাদের মধ্য হতে তালিকা চাওয়া হবে। উক্ত তালিকা হতে মন্ত্রণালয় কর্তৃক মনোনয়নপূর্বক পিআরও হিসেবে সংযুক্তি/পদায়ন করা হবে;
- (ঘ) প্রধান তথ্য অফিসার, তথ্য অধিদপ্তর সকল জনসংযোগ কর্মকর্তাগণের রিপোর্টিং অফিসার হিসেবে দায়িত্ব পালন করবেন এবং তাদের কাজের সমন্বয় করবেন, কাজের স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করবেন এবং কাজের মাননোয়নের ব্যাপারে সর্বদা তৎপর থাকবেন। তাদের সাথে নিয়মিত সভা (প্রতিমাসে কমপক্ষে একটি) করবেন এবং কাজের মান ও গতিশীলতা বৃদ্ধিকল্পে স্বীয় বিবেচনা প্রয়োগ করে তাদের Inservice প্রশিক্ষণ এবং দেশে-বিদেশে প্রতিষ্ঠানিক প্রশিক্ষণের ব্যবস্থা করবেন।
- (ঙ) কোন মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থায় জনসংযোগ কর্মকর্তার চাহিদা থাকলে সরাসরি কোন ক্যাডারের এবং কোন কর্মকর্তার নাম সুনির্দিষ্টভাবে উল্লেখ না করে তথ্য মন্ত্রণালয়ে জনসংযোগ কর্মকর্তা পদায়নের চাহিদা প্রেরণ করবেন।

০২। জনস্বার্থে জারিকৃত এ অনুশাসন অবিলম্বে কার্যকর হবে।

  
আবদুল মালেক  
সচিব  
আবদুল মালেক  
সচিব ৮নমান পাঠা-০২




নং-১৫.০০.০০০০.০২৫.০২১.৩৪.১৫- ১৬৬

তারিখ: ৯ জ্যৈষ্ঠ ১৪২৫  
২১ মে ২০১৮

বিতরণ: সদয় অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সিনিয়র সচিব/সচিব (সকল)..... মন্ত্রণালয়/বিভাগ।
- ২। প্রধান তথ্য অফিসার, তথ্য অধিদপ্তর, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। মহাপরিচালক, বাংলাদেশ বেতার, ঢাকা।
- ৪। মহাপরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর, ঢাকা।
- ৫। মহাপরিচালক, গণযোগাযোগ অধিদপ্তর, ঢাকা।
- ৬। মহাপরিচালক, বাংলাদেশ ফিল্ম আর্কাইভ, ঢাকা।
- ৭। উপপরিচালক (বিজি প্রেস), তেজগাঁও, ঢাকা।
- ৮। ভাইস-চেয়ারম্যান, বাংলাদেশ চলচ্চিত্র সেন্সর বোর্ড, ঢাকা।
- ৯। মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী/উপমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব (সকল)..... মন্ত্রণালয়/বিভাগ।
- ১০। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, তথ্য মন্ত্রণালয়, ঢাকা।
- ১১। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, তথ্য মন্ত্রণালয়, ঢাকা।
- ১২। সচিব মহোদয়ের একান্ত সচিব, তথ্য মন্ত্রণালয়, ঢাকা।
- ১৩। সিস্টেম এনালিস্ট, তথ্য মন্ত্রণালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।



(শাহানারা বেগম)

উপসচিব

ফোন: ৯৫৫০৮৩৮

sas.masscom1@moi.gov.bd